

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪৬১

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৭১. ভাগচাষে যা অপছন্দনীয়

بَابِ مَا يُكْرَهُ مِنْ الْمُزَارَعَةِ

### আরবী

حَدَّتَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، حَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِسْحَاقَ، حَدَّتَنِي أَبُو عُبَيْدَةَ بْنُ مُحَمَّدِ بْنِ عَمَّارِ بْنِ يَاسِرٍ، عَنِ الْوَلِيدِ بْنِ أَبِي الْوَلِيدِ، عَنْ عُرْوَةَ بْنِ الزَّبَيْرِ، قَالَ قَالَ زَيْدُ بْنُ ثَابِت يَغْفِرُ اللَّهُ لِرَافِعِ بْنِ خَدِيجٍ أَنَا وَاللَّهِ، أَعْلَمُ عُرُوةَ بْنِ الزَّبَيْرِ، قَالَ قَالَ زَيْدُ بْنُ ثَابِت يَغْفِرُ اللَّهُ لِرَافِعِ بْنِ خَدِيجٍ أَنَا وَاللَّهِ، أَعْلَمُ بِالْحَدِيثِ مِنْهُ إِنَّمَا أَتَى رَجُلانِ النَّبِيَّ صلى الله عليه وسلم وَقَد اقْتَتَلاَ فَقَالَ " إِنْ كَانَ هَذَا شَأَنكُمْ فَلاَ تُكْرُوا الْمَزَارِعَ " . قَالَ فَسَمِعَ رَافِعُ بْنُ خَدِيجٍ قَوْلَهُ " فَلاَ تُكْرُوا الْمَزَارِعَ " .

#### বাংলা

৩/২৪৬১। উরওয়া ইবনুয যুবাইর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যায়েদ ইবনে সাবিত (রাঃ) বললেন, আল্লাহ রাফে ইবনে খাদীজ (রাঃ) কে ক্ষমা করুন। আল্লাহর শপথ! সেই হাদীসটি সম্পর্কে আমি তার চেয়ে বেশি অবগত। একদা দু' ব্যক্তি ঝগড়া করতে করতে নবী সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে উপস্থিত হলো। তখন তিনি বললেনঃ এই যদি হয় তোমাদের অবস্থা, তাহলে তোমরা জমি বর্গা দিও না। রাফে (রাঃ) তার কথার শুধু এটুকুই শুনলেনঃ ''তাহলে তোমরা জমি বর্গা দিও না'।

### **English**

#### Zaid bin Thabit said:

"May Allah (SWT) forgive Rafi' bin Khadij. By Allah (SWT)! I have more knowledge of Ahadith than he does. Two men who had quarreled came to the Prophet (ﷺ) and he said: 'If this is your situation, do not lease farms,' and what Rafi' bin khadij heard was 'Do not lease farms.'

## ফুটনোট



সহীহুল বুখারী ২৩২৭, ২৩৩২, ২৩৩৯, ২৩৪৪, ২৩৪৭, ২৩৮৪, ২৭২২, ১০১৩, নাসায়ী ৩৯২৭, আবু দাউদ ৩৩৯০, আহমাদ ২১০৭৮, ২১১১৮, গায়াতুক মারাম ৩৬৬।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. আব্দুর রহমান বিন ইসহাক সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য হবে না। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদারিয়া মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। ইমাম দারাকুতনী বলেন, তিনি দুর্বল। সুফইয়ান বিন উয়াইনাহ বলেন, তিনি কাদারিয়া মতাবলম্বী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭৫৫, ১৬/৫১৯ নং পৃষ্ঠা) ২. আল-ওয়ালীদ বিন আবুল ওয়ালীদ সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি কখনো কখনো কিছু রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৭৪৫, ৩১/১০৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন